একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দপ্তর

www.iau.edu.bd

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/ফাজিল অনার্স ও কামিল-প্রা.পা/২০১৭/১৫০৭৭

তারিখ: ০৪ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ / ১৯ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

ফাজিল স্নাতক (অনার্স) ও কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি স্তরে প্রাথমিক পাঠদান অনুমতির বিষয়ে জয়পুরহাট সিদ্দিকীয়া কামিল মাদরাসা (JOYPURHAT SIDDIQUIA KAMIL MADRASAH, EIIN-121855, CODE-13956), ডাকঘর: ডামুড্যা, উপজেলা: ডামুড্যা, জেলা: জয়পুরহাট এর অধ্যক্ষের ১৯.০৭.২০২২ খ্রি. তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সংবিধি-২০২৩ এর অনুচ্ছেদ ১৩ এর গ অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে অনুচ্ছেদ-১৩ এর ঙ মোতাবেক নিম্নোক্ত শর্তে ১৯.০৮.২০২৫ খ্রি. থেকে ১৮.০৮.২০২৮ খ্রি. পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য ফাজিল স্নাতক (অনার্স) কোর্সে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয় এবং কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি স্তরে হাদিস বিভাগ প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হল-

**শর্তসমূহ:**

১. ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ থেকে ফাজিল স্নাতক (অনার্স) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয় এবং ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ থেকে কামিল (স্নাতকোত্তর) হাদিস বিভাগের কার্যক্রম চালু হবে।
২. তৃতীয় সংবিধি-২০২৩ এর অনুচ্ছেদ-৪.৫ ক এবং ৭.৪ (ক) শিক্ষক নিয়োগ দিতে হবে।
৩. সকল শূন্যপদে নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৪. মাদরাসার অভ্যন্তরীন অডিট কমিটি গঠন করতে হবে।
৫. ক্রয়ের ক্ষেত্রে PPA ২০০৬ এবং PPR ২০০৮ অনুসরণ পূর্বক ক্রয় সংক্রান্ত বিষয়ে অভ্যন্তরীন ক্রয় কমিটি অনুমোদন নিশ্চিত করন এবং গভর্নিং বডির সভায় বার্ষিক বাজেট ও আয়/ব্যয় বিষয়ে উপস্থাপন করতে হবে।
৬. লেজার বই হালনাগাদ করতে হবে।
৭. কুরআন ও আরবি শিক্ষার উপর বিশেষ গুরুত্ব দিতে হবে।
৮. মাদরাসার সাইনবোর্ডে ও প্যাডে বাংলার পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কথাটি লিখতে হবে।
৯. উপধ্যক্ষের জন্য আলাদা কক্ষের ব্যবস্থা করতে হবে।
১০. প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

২০/৮/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
ও মাদরাসা পরিদর্শক (অতি. দায়িত্ব)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মোবাইল: ০১৭০৫-৪০৮০০১

অধ্যক্ষ
জয়পুরহাট সিদ্দিকীয়া কামিল মাদরাসা
ডাকঘর: জয়পুরহাট, উপজেলা: জয়পুরহাট সদর, জেলা: জয়পুরহাট।

স্মারক নং- ইআবি/পরি/ফাজিল অনার্স ও কামিল-প্রা.পা/২০১৭/১৫০৭৭

তারিখ: ০৪ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ / ১৯ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:**

১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কাউন্সিলে রিপোর্ট করার জন্য)।
৪। ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬। সভাপতি, জয়পুরহাট সিদ্দিকীয়া কামিল মাদরাসা, জয়পুরহাট সদর, জয়পুরহাট।
৭। অফিস নথি।

২০/০৮/২৫

(মুহাম্মদ মাহফিজুর রহমান)
সহকারী মাদরাসা পরিদর্শক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়